

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

www.dme.gov.bd

স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৭.১৬- ৭২২

তারিখ: ০২.১০.২০১৭ খ্রি.

বিষয়: ধার্যকৃত নিয়োগ পরীক্ষার দিনে নিয়োগ কার্যক্রম অধিকতর সহজ ও সময় সাশ্রয়ের নিমিত্ত মাদরাসায়ে মোহাম্মাদিয়া আরাবিয়া ফাযিল মাদরাসার অধ্যক্ষ পদে নিয়োগ প্রার্থীদের সকল আবেদন মাদরাসা অধিদপ্তর কর্তৃক যাচাই-বাছাই এর নিমিত্ত মাদরাসা শিক্ষা অধিদপ্তরের প্রেরণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র (১) মাদরাসায়ে মোহাম্মাদিয়া আরাবিয়া ফাযিল মাদরাসার, স্মারক নং-মা.মো.আ.ফা/নি/১/২০১৭ইং

তারিখ: ০৭.০৮.২০১৭ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদরাসা-২) এর স্মারক নং-শিম/শাখা-২৪/বিবিধ-০-৮/২০০৮(অংশ/২৭৪)

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য যাচ্ছে যে, সূত্রোক্ত (১) নং স্মারকে উল্লিখিত মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অপিত ক্ষমতা বলে বর্ণিত মাদরাসায় “অধ্যক্ষ” পদে নিয়োগের লক্ষ্যে নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসেবে জনাব ড. মোহাম্মদ ছরওয়ার আলম পরিচালক (প্রশাসন ও অর্থ)-কে ডিজির প্রতিনিধি হিসেবে মনোনয়ন দেয়া হয়।

০২. এর প্রেক্ষিতে নিয়োগ বোর্ডের সকল সদস্যের সম্মতিক্রমে উক্ত পদে নিয়োগের জন্য আগামি ১০.১০.২০১৭ খ্রি: তারিখ ধার্য করা হয় মর্মে ড. মোহাম্মদ ছরওয়ার আলম পরিচালক (প্রশাসন ও অর্থ) কর্তৃক মৌখিকভাবে জানা যায়।

০৩. মাদরাসাটি (মাদরাসায়ে মোহাম্মাদিয়া আরাবিয়া ফাযিল মাদরাসা) ঢাকা মহানগরীর একটি অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান বিধায় দাপ্তরিক প্রয়োজনে নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজন-

ক. বর্ণিত মাদরাসার অধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত মোট কতটি আবেদন দাখিল করা হয়?

খ. দাখিলকৃত আবেদনগুলোর মধ্যে মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত যাচাই-বাছাই কমিটি কর্তৃক কতটি আবেদন সঠিক মর্মে বিবেচিত হয়েছে?

গ. দাখিলকৃত আবেদনগুলোর মধ্যে মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত যাচাই-বাছাই কমিটি কর্তৃক কতটি আবেদন বৈঠক/বাতিল মর্মে বিবেচিত হয়েছে?


ঘ. যাচাই-বাছাই কমিটি কর্তৃক কোন কোন কারণে দাখিলকৃত আবেদনগুলো বাতিল করা হয়েছে?

ঙ. যে সকল কারণে আবেদনগুলো বাতিল করা হয়েছে তা সমাধানের নিমিত্ত কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি-না?

চ. যদি পদক্ষেপ গ্রহণ না করা হয়ে থাকে তাহলে কারণগুলো চিহ্নিতপূর্বক প্রার্থীদের সাথে যোগাযোগ করে বাতিলকৃত আবেদনগুলো বিবেচনার যুগোপ আছে কি-না (অধিকতর প্রতিযোগিতামূলক পরীক্ষা নিশ্চিত করণের নিমিত্ত)?

০৪. অধিক সংখ্যক প্রার্থীদের মধ্যে অধিক প্রতিযোগিতা নিশ্চিতকরণের জন্য এবং ধার্যকৃত নিয়োগ পরীক্ষার দিনে নিয়োগ কার্যক্রম অধিকতর সহজ ও সময় সাশ্রয়ের নিমিত্ত বর্ণিত মাদরাসায় অধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত দাখিলকৃত আবেদনগুলো দাপ্তরিক প্রয়োজনে বিশেষ প্রয়োজন।

০৪. এমতাবস্থায় মাদরাসায়ে মোহাম্মাদিয়া আরাবিয়া ফাযিল মাদরাসার অধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত দাখিলকৃত সকল প্রার্থীদের আবেদন মাদরাসা শিক্ষা অধিদপ্তরে আগামি ০৪.১০.২০১৭ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



ড. মোহাম্মদ ছরওয়ার আলম

পরিচালক (প্রশাসন ও অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মাদরাসায়ে মোহাম্মাদিয়া আরাবিয়া ফাযিল মাদরাসা, ওহাব কলোনী, বাসাবো, সবুজবাগ, ঢাকা।

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা। খাষকাউলিয়া ছিদ্দিকিয়া ফাজিল মাদরাসা, ডাক: খাষকাউলিয়া

৩. জেলা প্রশাসক, ঢাকা ও সভাপতি, মাদরাসায়ে মোহাম্মাদিয়া আরাবিয়া ফাযিল মাদরাসা, ওহাব কলোনী, বাসাবো, সবুজবাগ, ঢাকা।

৪. অফিস কপি।